


কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “পৌষ মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত : পৌষ মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।


(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ৯১৪০৮৫০।
তারিখঃ ২৩/১২/২০১৩

স্মারক নং : ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩/ ২২৮-৩২ (৮৬)

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হটিকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

পৌষ মাসে কৃষকভাইদের করণীয়

১. খরা উপযোগী ফসল যেমন সরগম, মিলেট, কাউন, বার্লি এবং গভীর শিকড়যুক্ত ফসলের চাষ করুন;
২. উপকূলীয় অঞ্চলে রোপা আমন কাটার আগে রিলে খেসারি তিসি আবাদ করুন;
৩. পৌষ মাস বোরো ধানের জন্য জমি প্রস্তুত করার উপযুক্ত সময়। বোরো ধান বীজতলার পরিচর্যা করুন;
৪. পৌষ মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত বোরো ধানের বীজতলা তৈরী করা যাবে। তীব্র শীতে বীজতলা ক্ষতির হাত থেকে রক্ষা করতে শুকনো বোরো বীজতলা তৈরী করুন।
৫. বোরো ধান রোপণ শুরু করুন;
৬. বোরো ধান রোপনের ক্ষেত্রে নির্দিষ্ট দূরত্বে সঠিক বয়সের চারা রোপন করুন।
৭. তীব্র শীতে বোরো ফসলের বীজতলায় নিয়মিত সেচ প্রদান করুন এবং স্বচ্ছ পলিথিনের ছাউনি দিয়ে বীজতলা ঢেকে রাখুন।
৮. চারা রোপন কালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে চারা রোপন করুন।
৯. বোরো ধান রোপনের পর শৈত্য প্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন।
১০. উপকূলীয় অঞ্চলে শীতকালীন শাকসবজি আলু, মিষ্টিআলু, তরমুজের আবাদ করুন;
১১. ঘেরের বেড়ি বাঁধে টমেটো, মিষ্টিকুমড়ার পরিচর্যা করুন;
১২. শীতকালীন শাক-সবজির পরিচর্যা করুন;
১৩. এ মাসে ভুট্টার জমির আগাছা নিড়ানী দিয়ে পরিষ্কার করুন;
১৪. আলুর সবচেয়ে মারাত্মক রোগ হচ্ছে মড়ক। আবহাওয়া ঠান্ডা, ভেজা, মেঘাচ্ছন্ন বা কুয়াশাচ্ছন্ন থাকলে হঠাৎ করে এ রোগ দ্রুত ছড়িয়ে পড়ে এবং সম্পূর্ণ ফসল ধ্বংস করে দিতে পারে। সুতরাং রোগের লক্ষণ দেখা মাত্র বা আবহাওয়া পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় দমন ব্যবস্থা নিতে হবে;
১৫. এ মাসে রোপণকৃত ডাল ফসলের যত্ন নিন। সারের উপরিপ্রয়োগ, প্রয়োজনে সেচ, আগাছা পরিষ্কার, বালাই ব্যবস্থাপনাসহ সবকটি পরিচর্যা সময়মত সম্পন্ন করুন। রবি ফসলে ইউরিয়া উপরি প্রয়োগ করুন এবং প্রয়োজনে সেচ দিন;
১৬. এ মাসে তেল ফসলে (সরিষা, তিল, তিসি ও সূর্যমুখী) যত্ন নিলে কাংখিত ফলন পাওয়া যাবে।
১৭. ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, শালগম, মুলা এ সব বড় হওয়ার সাথে সাথে চারার গোড়ায় মাটি তুলে দিন। চারার বয়স ২-৩ সপ্তাহ হলে সারের উপরি প্রয়োগ সম্পন্ন করুন। সবজি ক্ষেতের আগাছা, রোগ ও পোকা-মাকড় নিয়ন্ত্রণ করুন। এক্ষেত্রে সেক্স ফেরোমোন ফাঁদ ব্যবহার করতে পারেন।
১৮. বর্ষায় রোপণ করা ফল ঔষধি বা বনজ গাছের যত্ন নিন। গাছের গোড়ায় মাটি আলগা করে দিন এবং আগাছা পরিষ্কার করুন। প্রয়োজনে গাছকে খুঁটির সাথে বেঁধে দিন ও গাছের গোড়ায় পানি ধরে রাখার জন্য জাবরা প্রয়োগ করুন।
১৯. সেচ নালা সংস্কার ও মেরামত করুন।
২০. এ মাসে খড়-কুঁটা,পাতা, আগাছা,কচুরিপানা দ্বারা মাটির উপরের স্তরে মালচিং করলে মাটির রস মজুদ থাকে। মাটির উপরের স্তর ভেঙ্গে মালচিং করলে জমির রস সংরক্ষণ করা যায়;
২১. রবি ফসলে ইউরিয়া উপরি প্রয়োগ করুন এবং প্রয়োজনে সেচ দিন।
২২. এছাড়া ফসলের যে কোন প্রয়োজনে বা সমস্যা সমাধানে নিকটস্থ কৃষি অফিসে যোগাযোগ করুন ও পরামর্শ নিন।





